

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪০

পরিচ্ছেদঃ এক গোসলে একাধিক স্ত্রীর সাথে মিলন।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَطُوفُ عَلَى نِسَائِهِ بِغُسْلٍ وَاحِدٍ

আরবী

حَدَّثَنَا بُنْدَارٌ، مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مَعْمَرٍ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَطُوفُ عَلَى نِسَائِهِ فِي غُسْلٍ وَاحِدٍ. قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي رَافِعٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنَسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَطُوفُ عَلَى نِسَائِهِ بِغُسْلِ وَاحِدٍ. وَهُوَ قَوْلُ غَيْرِ وَاحِدِ مِنْ أَهْلِ الله عليه وسلم كَانَ يَطُوفُ عَلَى نِسَائِهِ بِغُسْلُ وَاحِدٍ. وَهُو قَوْلُ غَيْرِ وَاحِدِ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْهُمُ الْحَسَنُ الْبَصْرِيُّ أَنْ لاَ بَأْسَ أَنْ يَعُودَ قَبْلً أَنْ يَتَوَضَّاً . وَقَدْ رَوَى مُحَمَّدُ بْنُ يُوسُفَ هَذَا عَنْ سُفْيَانَ فَقَالَ عَنْ أَبِي عُرُوةَ عَنْ أَبِي الْخَطَّابِ عَنْ أَنسٍ . وَأَبُو عُرُوةَ هُو مَعْمَرُ بْنُ رَاشِدٍ . وَأَبُو الْخَطَّابِ قَتَادَةُ بْنُ دِعَامَةَ . قَالَ أَبُو عِيسَى وَرَوَاهُ بَعْضُهُمْ عَنْ مُحْمَّدُ بْنِ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنِ ابْنِ أَبِي عُرُوةَ عَنْ أَبِي الْخَطَّابِ . وَهُو خَطَأُ مُمْ مُنْ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنِ ابْنِ أَبِي عُرُوةَ عَنْ أَبِي الْخَطَّابِ . وَهُو خَطَأُ وَالصَّحِيحُ عَنْ أَبِي عُرُوةَ .

বাংলা

১৪০. বুনদার মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক গোসলে তাঁর স্ত্রীগণের সাথে মিলিত হয়েছে। - ইবনু মাজাহ ৫৮৮, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ রাফি রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী বলেনঃ এক গোসলে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীগণের হঙ্গে মিলিত হয়েছেন আনাস বর্ণিত এই হাদিসটি হাসান ও সহীহ। হাসান বসরীসহ একধিক ফকীহ আলিমদের অভিমত এই যে, উযূ (ওজু/অজু/অযু) করা ছাড়াই পুনরায় সঙ্গত হওয়াতে কোন অসুবিধা নেই মুহাম্মদ ইবনু ইউসুফ এই হাদিসটি সুফইয়ান থেকে আবৃ উরওয়া আবৃল খাত্তাব আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রেও বর্ণনা করেছেন। আবৃ উরওয়ার নাম হল মা'মার ইবনু রাশিদ (রহঃ) আর আবৃল খাত্তাব হলেন কাতাদা ইবনু দি'আমা (রহঃ)। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী বলেনঃ রাবীদের কেউ



কেউ মুহাম্মদ ইবনু ইউসুফ সুফইয়ান ইবনু আবী উরওয়া আবূল খাত্তাব সূত্রের উল্লেখ করেছেন। কিন্তু তা ভুল। শুদ্ধ হল আবূ উরওয়া, ইবনু আবী উরওয়া নয়।

English

Anas narrated:

"Allah's Messenger would go around to his women with one Ghusl."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন